

## তিনটি কবিতা -- আরণ্যক

### কথা

কথা বলি, শব্দের খোঁড়া অজুহাতে  
কথা বলি, সঙ্গতি রেখে ।  
দরজার বাইরেও কথা হয়,  
কাগজেকলমের নয়, সীমানা পেরোনো কথা-  
নিছক উদ্যম কথা, ভনিতাবিহীন ।

কথা হয়, ভাবনার জলসিঞ্চনে  
কথা চলে, কাটা মাথা মেঝেতে গড়ায়  
কংক্রিট মজবুত, দামী কংক্রিটে  
ঝকঝকে জুতো ঠুকে চলকায় কথা-  
পিছল পাথুরে কথা, কথা রংকানা ।

কথা সরে, ভদ্রতা আশ্লেষে নিয়ে  
কথা চালাচালি করে দিন গুজরান  
রোদচশমায় ঢাকা, সাবলীল, অথবা  
বিষন্ন, মৃত্যুকামী, অন্ধকার কথা-  
সরস-সজীব কথা, নখদর্পণে ।

### ক্রমশ প্রকাশ্য

সর্বাঙ্গ সাধারণ পোষাকে ঢেকে, চলে ।  
কালো নয়, সাদা নয়, সাধারণ জামা  
রংচটা বললেই চলে, সাথে বেমানান  
ছেঁড়া খয়েরি ট্রাউজার ।

ছাপোষা মানুষ না, নিয়তির হাত ফসকানো  
বিদ্রোহী, পাগল বা জানা শয়তান ।

প্রীতিবিষয়ক ক্লিশে ছোঁবল মারেনি তাকে  
প্রতিজ্ঞা আ-ছোঁয়া রেখে গেছে, জাগতিক  
কাটাকুটি ছকের বাইরে-  
হেঁটে যায় একা, অবিসংবাদিত ।

### কোলাহল

কোলাহল কমে এলে  
ধাতব শব্দ যত, গল্পের ঢাকা  
সীসে বুকে নিয়ে, চুপ হয় ।

অনন্ত শান্তি, শবাধার  
রোজকার ক্লান্তি, খাদ্যতালিকা  
বিষ মুখে জাগে, দিগন্তে ।

অপেক্ষারত কেউ, পাথরপ্রতিমা  
পাথরের ক্ষোভ নেই, বিষাদজালিকা  
ক্রোধ চেপে রাখে, অভ্যাসবশে ।